



পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১- ৪২৭

তারিখ: ৬২ আষাঢ় ১৪২৭
২৫ জুলাই ২০২১


বিষয়: বর্তমান করোনা পরিস্থিতিতে বন্দিদের টেলিফোনে কথা বলা প্রসঙ্গে।

বরাত: (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮.১৬৫ তারিখ: ৪/৪/২০২১
(খ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০৪৬.২১-৫৭৭(১০২) তারিখ: ৫/৪/২০২১

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারা দেশে করোনা সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় বন্দিদের সাথে তাদের পরিবারের দেখা সাক্ষাৎ বন্ধ করা হয় এবং তার পরিবর্তে সপ্তাহে একবার সর্বোচ্চ ১০ (দশ) মিনিট কথা বলার জন্য বরাতোক্ত 'খ' পত্রের মাধ্যমে সকল কেন্দ্রীয়/জেলা কারাগারকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অসাধু কারা কর্মকর্তা/কর্মচারী তাদের ব্যক্তি স্বার্থ হাসিলের লক্ষ্যে উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে খেয়ালখুশিমত বন্দিদের সাথে তাদের পরিবারের টেলিফোনে কথা বলার সুযোগ করে দিচ্ছে। যা নিয়ম-নীতির পরিপন্থি এবং সুষ্ঠু কারা প্রশাসনের অন্তরায়।

অতএব, বরাতোক্ত স্মারক/পত্রের নির্দেশনার আলোকে কারা বন্দিদের সাথে তাদের পরিবারের সপ্তাহে একবার সর্বোচ্চ ১০ (দশ) মিনিট কথা বলার ব্যবস্থা নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কারা বন্দিদের সাথে তাদের পরিবারের টেলিফোনে কথা বলার ব্যবস্থা করা হলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন:৫৭৩০০৪৪৪ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ;
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৪. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০. গার্ড ফাইল।